আনন্দবাস মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একাডেমি ভবনের উদ্বোধন

মুজিবনগরের আনন্দবাস মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের চারতলা ভিত্তি বিশিষ্ট একতলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

গতকাল মঙ্গলবার বিকালে আনন্দবাস মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে ভার্চুয়ালী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এ ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলী, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, পাবলিক প্রসিকিউটর এ্যাড. পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক এ্যাড. ইব্রাহীম শাহীন, জেলা আওয়ামী লীগের সদস্য রফিকুল ইসলাম তোতা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মেহেরপুর সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ হাসানুজ্জামান মালেক প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

উল্লেখ্য, শিক্ষা প্রকৌশলী অধিদপ্তরের বাস্তবায়নে ৮০ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়ে চারতলা ভিত্তি বিশিষ্ট একতলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করা হয়।

মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালতে মাদক সেবনকারীর কারাদণ্ড

মুজিবনগরে গাঁজা সেবন করার অপরাধে আছানুর আলী নামের একজন মাদক সেবনকারীকে ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। আছানুর আলী মোনাখালী গ্রামের মৃত আনারুল ইসলামের ছেলে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে পাঁচটার দিকে মুজিবনগর উপজেলার মোনাখালী বাজার প্রাঙ্গণে এ মাদকবিরোধী অভিযান চালানো হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

ম্যাজিস্ট্রেট নাজমুল আলম জানান, আছানুর আলী মাদক নিয়ে মোনাখালী বাজার প্রাঙ্গণে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়কে সাথে নিয়ে সেখানে অভিযান চালানো হয়। অভিযান চলাকালীন আছানুর আলীকে হাতে নাতে ২০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়।

তিনি দোষ স্বীকার করে স্বীকারোক্তি দিলে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৩৬ উপধারা (১) এর সারণী ক্রমিক ২১ অনুসারে ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করা হয়। জব্দকৃত ২০ গ্রাম গাঁজা জনসম্মুখে পুড়িয়ে ধ্বংস করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসের সহকারী পরিচালক শরীয়ত উল্লাহ ও সহকারী পরিদর্শক খশরু আল মামুন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রতিবছরের ২ ফেব্রুয়ারি দিবসটি উপলক্ষে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দেশব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করে। এবারও সারা দেশের জেলাগুলোতে আলোচনা সভা ও র্যালি হবে। তবে রাজধানীতে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ১৮ ফেব্রুয়ারি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি ওই অনুষ্ঠানে যুক্ত থাকবেন বলে জানিয়েছে বিএফএসএ।

২০১৮ সালে দেশে প্রথমবারের মতো পালিত হয় নিরাপদ খাদ্য দিবস। ওই বছর সব শ্রেণি-পেশার মানুষকে নিরাপদ খাদ্যের বিষয়ে সচেতন করে তোলার অংশ হিসেবে ২ ফেব্রুয়ারিকে জাতীয় নিরাপদ খাদ্য দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে। বিএফএসএ’র প্রতিষ্ঠার দিনটিকেই এই দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে।

কুষ্টিয়া জেলা তাঁতী লীগের শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সাংগঠনিক সম্পাদক মোমিনুল ইসলাম বকুলের ব্যক্তিগত উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় শহরের বিভিন্ন এলাকায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

এ সময় কুষ্টিয়া জেলা তাঁতী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ বিপুল হোসেনেসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

হাড়কাঁপানো এ শীতে কম্বল হাতে পেয়ে আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছে কম্বল পাওয়া প্রান্তিক মানুষরা। সেই সঙ্গে কম্বল পাওয়া দরিদ্র মানুষরা এ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

বামন্দী ইউনিয়নে জিয়ার গণসংযোগ

আসন্ন ৪ নং বামন্দী ইউনিয়ন পরিষদ নির্বাচনে ওয়ার্ড ভিত্তিক গণসংযোগ চালিয়ে যাচ্ছেন জিয়ারুল হক জিয়া। প্রতিদিনই কোন না কোন ওয়ার্ডের স্থানীয় নেতাকর্মীদের সাথে করছেন মতবিনিময় করছেন।

জিয়ার পদচারণায় নির্বাচনী মাঠে উত্তাপ ছড়াচ্ছে। সাড়া পড়েছে সাধারণ মানুষের মধ্যেও। জিয়াকে নিয়ে ভাবছে সব শ্রেণীর মানুষ।

গতকালও বেশ কয়েকটি ওয়ার্ডে গণসংযোগ করে সকলের সহযোগীতা কামনা করেন তিনি।

দর্শনায় ফসলের জমি ও বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপনের দাবী কৃষকদের

ফসলের জমিতে মিটার স্কেল স্থাপন হচ্ছে। ফলে প্রায় ১০ একর ফসলের জমি ও প্রায় দেড় বিঘা জমির বনজ সম্পদ হারিয়ে যাবে। জমির মালিকদের দাবী শুধুমাত্র মিটার স্কেলের জন্য এত জমির ফসল ও বনজ সম্পদ নষ্ট করার প্রয়োজন আছে কি-না তা একবার ভেবে দেখা দরকার কর্তৃপক্ষের।

এছাড়া যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারীতা কতটুকু আছে তা দেখার প্রয়োজন। এছাড়া দর্শনা রেলগেট সংলগ্ন বিশাল এলাকা জুড়ে মিটার স্কেল স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে জমি অধিগ্রহণের জন্য সার্ভে হয়েছে। গতকাল সোমবার বনজ সমম্পদ কর্মকর্তা কি পরিমাণ বনজ সম্পদ নষ্ট হচ্ছে এবং মূল্য নিধারণের জরিপ করেছে।

এদিকে জমির ঠিক মূল্য পাওয়া নিয়ে কৃষকদের মধ্যে শঙ্কা দেখা দিয়েছে। বাপ-দাদার জমি হারিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন বেশ কয়েক জন কৃষক। যে মাটির গন্ধ নিয়ে তাদের দিন কেটে যেত, সেই মাটিকে হারিয়ে স্থবির হয়ে পড়েছে কৃষকরা।

সরকারের প্রতি কৃষকদের দাবী দর্শনা রেলগেট থেকে তালবাগান পর্যন্ত এত ফসলের জমি ক্ষতিগ্রস্থ না করে সড়কের দু-পাশের পড়ে থাকা জমিতে মিটার স্কেল করে ফসলি জমি রক্ষা করা যায় কিনা ভেবে দেখা। কারণ দেশের বিভিন্ন স্থানে মিটার স্কেলগুলো সত্যিকারের কার্যকারিতা আছে কি-না দেখা প্রয়োজন।

ঢাকা যাওয়া আসার পথে যুমুনা সেতুর পারাপারে ওভার লোডিং যানবহন গুলো লক্ষ্য করলে দেখবেন। সেতু পারাপারের আগে ওভার লোড কমিয়ে অন্য একটি মিনি ট্রাকে বহন করে সেতু পার হয়ে আবার পূর্বের ন্যয় ওভার লোডিং করে কর্তৃপক্ষের চোখ ফাঁকি দিয়ে চলাচল করছে বলে একজন ট্রাক ড্রাইভার এ প্রতিনিধিকে জানালেন।

এছাড়া মিটার স্কেলে ওজন করার সময় লোড কমিয়ে স্লিপ নিয়ে পুনরায় লোডিং করে দিব্বি চলাচল করছে। দর্শনা পৌর এলাকার সড়ক পথগুলো বিভিন্ন স্থানে দেবে গেছে। এছাড়া কোথাও কোথাও পিচ উঠে সড়ক পথ ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফলে মিটার স্কেল স্থাপন করে ফসলের জমি নষ্ট না করে যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারিতা রক্ষা করার দাবী করেছে এলাকাবাসী।

.

এছাড়া দর্শনা রেলগেট থেকে দর্শনা তাল বাগান পর্যন্ত সড়কের পাশে বিশাল গর্ত বা হন্দর পড়ে আছে, সেখানে ফসলেন জমি বা বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপন করা যায় কি-না কর্তৃপক্ষের ভেবে দেখা প্রয়োজন বলে এলাকার কৃষকরা দাবী করেছেন।

আলমডাঙ্গায় স্কুল ছাত্রকে

বলাৎকার, থানায় মামলা

আলমডাঙ্গার হারদি কৃষি ক্লাবপাড়ায় ১ম শ্রেণীর শিশুকে বলাৎকারের অভিযোগ উঠেছে। গতকাল সোমবার বেলা ১২ টার দিকে হারদি কানাপুকুরিয়া মাঠের মধ্যে এ বলাৎকারের ঘটনাটি ঘটেছে। এ ঘটনায় স্কুল ছাত্রের চাচা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের কৃষি ক্লাব পাড়ার আহার আলির ছেলে ইমন (৬) হারদি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র। সে গতকাল দুপুর ১২ টার দিকে বাড়ির পাশে খেলা করছিলো।

এ সময় হারদি কৃষি ক্লাবপাড়ার গুলিম হোসেনের ছেলে আরিফুল হক স্কুল ছাত্রকে মিষ্টি খাওয়ার প্রলোভন দেখিয়ে কানাপুকুরিয়া মাঠের দিকে নিয়ে যায়। সুযোগ বুঝে স্কুল ছাত্রকে মানিকের ভুট্টা ক্ষেতের মধ্যে জোরপূর্বক বলাৎকার করে।

স্কুল ছাত্র বলাৎকারের শিকার হয়ে রক্তাক্ত জখম হলে তাকে মাঠের মধ্যে ফেলে পালিয়ে যায় আরিফুল। স্কুল ছাত্র কাঁদতে কাঁদতে বাড়িতে ফিরে বলাৎকারের বিষয়টি পরিবারের নিকট জানায়।

পরে ইমনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এ ঘটনায় স্কুল ছাত্রের চাচা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করে।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় ২০৩ বোতল ফেনসিডিলসহ আল তানভীর রোহান (২০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব।

গতকাল রোববার রাত সাড়ে ৮ টার দিকে তাকে আটক করা হয়। আটককৃত আল তানভীর রোহান সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার শিবপুর এলাকার

রবিউল ইসলামের ছেলে।

র্যাবের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ র্যাব-৬ এর একটি দল ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে জনৈক মোসলেম এর খাবার হোটেল এর সামনে পাঁকা রাস্তার পাশ থেকে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

এ সময় ২০৩ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

মেহেরপুরে জেলা পরিষদের উপকরণ বিতরণের জন্য পরামর্শ সভা

মেহেরপুর জেলা পরিষদের ১ নং ওয়ার্ডের সদস্য শাহীন উদ্দীন শাহীন এর উদ্যোগে মেহেরপুর জেলা পরিষদের অর্থায়নে বাগোয়ান ইউনিয়নের দরিদ্র মানুষের মাঝে টিউবয়েল, সেলাইমেশিন, কম্বল ও করোনা ভাইরাস প্রতিরোধে সাবান, মাস্ক, হ্যান্ড-স্যানিটাইজার বিতরণ উপলক্ষে বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সকল স্তরের নেতৃবৃন্দের সাথে পরামর্শ সভা করেছে জেলা পরিষদের ১ নং ওয়ার্ড সদস্য শাহীন উদ্দীন শাহীন।

গতকাল সোমবার বিকেলে মুজিবনগর উপজেলা কমপ্লেক্স গেট এর পাশে এ পরামর্শ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বাগোয়ান ইউপি ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রুস্তম আলীর সভাপতিত্বে ও বাগোয়ান ইউপি যুবলীগের সাধারণ সম্পাদক বাবুল মল্লিকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের ১ নং ওয়ার্ড সদস্য শাহীন উদ্দীন শাহীন।

অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ইউপি যুবলীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম, ২নং ওয়ার্ড সে¦চ্ছাসেবক লীগের আহবায়ক জাফর আলী, ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা ফিরোজ, ৪নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা

আজমত আলী, ৫নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা লালন শেখ, ৭নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা কৈয়তুল্লাহ, ৯নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা জমির উদ্দীনসহ বাগোয়ান ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মী বৃন্দ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দরিদ্র জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে জন্য জেলা পরিষদের মাধ্যমে দরিদ্র অসহায় মানুষের মাঝে বিভিন্ন সামগ্রী বিতরণের জন্য অর্থ বরাদ্দ দিয়েছে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল মেহেরপুর জেলায় যে উন্নয়নের জোয়ার শুরু করেছেন সেই ধারাকে অব্যাহত রাখতে আমি কাজ করে যাব।

তারই ধারাবাহিকতায় আমি আমার ওয়ার্ড ১ নং বাগোয়ান ইউনিয়নের দরিদ্র জনগণ যাতে সহযোগীতা পায় সে জন্য আমি আপনাদের পরামর্শ চাচ্ছি, কারণ আমি ও আমার জেলা পরিষদ দুর্নীতি মুক্ত। আপনারা প্রত্যেক ওয়ার্ড থেকে দরিদ্র লোক বাছায় করে দিবেন আমি তাদেকেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার জেলা পরিষদের মাধ্যমে পৌঁছে দিব।